পুবের কলম
May 10, 2025
Page no:6
epaper.puberkalom.com

# 'সার্টিফিকেট অব ডিসটিংশন' পেল নেতাজি মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগ

# '২ মাসের নিউজ রাইট' কোর্সে ভর্তি শুরু

**সেখ কুতুবউদ্দিন**

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন ডিপার্টমেন্টকে 'সার্টিফিকেট অব ডিসটিংশন' সম্মান প্রদান করল পাবলিক রিলেশন সোসাইটি অব ইন্ডিয়া। সম্প্রতি কলকাতার বামার লড়ি'র দফতরের এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক অরিজিত ঘোষ-এর হাতে এই 'বিশেষ সম্মান' তুলে দেওয়া হয় পাবলিক রিলেশন সোসাইটি অব ইন্ডিয়ার কলকাতা শাখার পক্ষ থেকে।




*অধ্যাপক অরিজিৎ ঘোষের হাতে সম্মান তুলে দিচ্ছেন পাবলিক রিলেশন সোসাইটি অব ইন্ডিয়া, কলকাতা চ্যাপ্টারের চেয়ারম্যান সৌমজিৎ মহাপাত্র-সহ অন্যান্যরা।*

প্রসঙ্গত, শিক্ষার্থীদের কৃতিত্বের প্রমাণ, কর্মক্ষেত্রে ভালো কাজ, বিভিন্ন প্রতিযোগিতায় ভাল ফলাফলের স্বীকৃতি হিসেবে জীবনবৃত্তান্ত বা পোর্টফোলিওতে মূল্যবান সংযোজন হিসেবে 'ডিসটিংশন সার্টিফিকেট' কাজে লাগে।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশন ডিপার্টমেন্ট-এর অধ্যাপক অরিজিৎ ঘোষ বলেন, প্রত্যন্ত গ্রাম এলাকার পড়ুয়ারাই বেশি বিভিন্ন জেলার সেন্টারগুলিতে পড়েন। বিশ্ববিদ্যালয়ের এই বিভাগের লক্ষ্য, ছাত্রছাত্রীদের সাংবাদিকতা এবং গণযোগাযোগের বিভিন্ন দিক সম্পর্কে জ্ঞান এবং দক্ষতা প্রদান করা। বিশ্ববিদ্যালয়ের শুরু থেকেই সাংবাদিকতায় পিজি-ডিপ্লোমা কোর্স চালু রয়েছে। ২০২১ সালে জার্নালিজম-এ ২ বছরের স্নাতকোত্তর কোর্স শুরু হয়।

নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম ও গণযোগাযোগ বিভাগ ২ বছরের স্নাতকোত্তর প্রোগ্রাম এবং স্নাতকোত্তর-ডিপ্লোমা প্রোগ্রাম প্রদান করে। সাংবাদিকতা, গণযোগাযোগ, মিডিয়া স্টাডিজ, এবং ডিজিটাল মিডিয়া সম্পর্কিত বিভিন্ন কোর্স রয়েছে এই বিভাগে। ২ বছরের স্নাতকোত্তর (এমএ) প্রোগ্রাম এবং ১ বছরের স্নাতকোত্তর-ডিপ্লোমা প্রোগ্রাম (পিজিডি), যা দূরশিক্ষার মাধ্যমে পরিচালিত হয়। সারা রাজ্যের বিভিন্ন জেলায় ১০০-এর উপর জার্নালিজমের ডিপ্লোমা কোর্সের সেন্টার রয়েছে। স্নাতকোত্তর এবং ডিপ্লোমা কোর্স মিলিয়ে জার্নালিজম বিভাগে মোট পড়ুয়ার সংখ্যা ২৫০ জন। আগামীতে এই বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম বিভাগে স্নাতক এবং পিএইচডি'র উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানা গিয়েছে।

অন্যদিকে, আট সপ্তাহের 'নিউজ রাইট' কোর্স চালু রয়েছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে। ৫০টি আসনের এই কোর্সে ভর্তি চলছে। জুন মাস পর্যন্ত চলবে নিউজ রাইট কোর্সের ভর্তির প্রক্রিয়া। ক্লাস হবে অনলাইনে।

নিউজ রাইট' কোর্স প্রসঙ্গে অধ্যাপক অরিজিৎ ঘোষ বলেন, নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের তরফে বিশেষ কোর্সের ব্যবস্থা করা হয়েছে। তাতে স্বল্প সময়ের (প্রায় দু'মাস) মধ্যে 'নিউজ রাইটিং'-এর বিষয়গুলি বাংলায় শেখানো হচ্ছে। বিভিন্ন জেলায় কর্মরত সাংবাদিক, ডিজিটাল মিডিয়ার সঙ্গে যুক্তদের ক্ষেত্রে এই কোর্সে সুবিধা হবে। দু'মাস ব্যাপী এই কোর্সের ক্লাসে পুরোটাই হবে অনলাইনে। বিস্তারিত তথ্য ওয়েবসাইটে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ১৯৯৭ সালে নেতাজি সুভাষচন্দ্র বোসের জন্ম শতবর্ষে তৈরি হয় তাঁর নামাঙ্কিত এই মুক্ত বিশ্ববিদ্যালয়। ২০১৪ সালের পর বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি)-এর আওতাভুক্ত হয়।

শুক্রবার পাবলিক রিলেশন সোসাইটি অব ইন্ডিয়ার কলকাতা চ্যাপটার-এর চেয়ারম্যান সৌমিজৎ মহাপাত্র 'সার্টিফিকেট অব ডিসটিংশন' সম্মান প্রসঙ্গে প্রতিবেদককে বলেন, প্রথম এই সম্মান চালু করা হয়েছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা বিভাগের ভাবনা, চেতনা খুবই প্রশংসনীয়। সার্বিক পরিকাঠামো এবং মানোন্নয়নের জন্য এই উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের সাংবাদিকতা বিভাগকে 'সার্টিফিকেট অব ডিসটিংশন' সম্মান প্রদান করা হয়েছে।